জাতীয় যুবশক্তির ঝিনাইদহ জেলা শাখার কমিটি গঠন

জাতীয় যুবশক্তির ঝিনাইদহ জেলা শাখার নবগঠিত আংশিক কমিটি গঠন করা হয়েছে। কমিটিতে মোঃ শাহিনুর রহমানকে আহ্বায়ক এবং শাওন আহমেদ কে সদস্য সচিব করে ৯ সদস্য বিশিষ্ট কমিটির নাম ঘোষণা করেছে কেন্দ্রীয় যুবশক্তি। নবগঠিত কমিটিকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) ঝিনাইদহ জেলা শাখার যুগ্ম সদস্য সচিব (দপ্তর) মোঃ হামিদ পারভেজ মিয়া।

জাতীয় যুবশক্তির কেন্দ্রীয় কমিটির অনুমোদনপত্র অনুযায়ী, ২৩ অক্টোবর ২০২৬ তারিখে ঝিনাইদহ জেলা শাখার আংশিক আহ্বায়ক কমিটি এক বছরের জন্য অনুমোদন দেওয়া হয়েছে।

জাতীয় যুবশক্তি ঝিনাইদহ জেলা শাখার আংশিক আহ্বায়ক কমিটির অন্য সদস্যরা হলেন- সিনিযর যুগ্ম আহ্বায়ক সাইফ সৌরভ, যুগ্ম আহ্বায়ক মেহেদি হাসান আশিক, সিনিয়র যুগ্ম সদস্য সচিব বৃষ্টি শেখ, যুগ্ম সদস্য সচিব হৃদয় আহমেদ, মুখ্য সংগঠক মোঃ হুমায়ুন কবির, সিনিয়র সংগঠক ইনারুল ইসলাম ও দপ্তর সম্পাদক সোহাগ হোসেন।

অনুমোদনপত্রে উল্লেখ করা হয়েছে, আংশিক আহ্বাযক কমিটির দায়িত্বশীলদের আগামী সাত কার্যদিবসের মধ্যে পূর্ণাঙ্গ কমিটি করে জমা দিতে হবে।

এক অভিনন্দন বার্তায় এনসিপির যুগ্ম সদস্য সচিব মোঃ হামিদ পারভেজ মিয়া নবগঠিত কমিটির আহ্বায়ক, সদস্য সচিবসহ সব দায়িত্বশীলকে শুভেচ্ছা জানান। তিনি আশা প্রকাশ করেন, নতুন নেতৃত্বের মাধ্যমে জেলার যুবসমাজকে সংগঠিত করা, সামাজিক সচেতনতা বৃদ্ধি এবং জনকল্যাণমূলক কর্মকান্ডে তরুণদের সম্পৃক্ত করার উদ্যোগ আরও গতিশীল হবে। তিনি আরও বলেন, শিক্ষা, মানবিকতা, সামাজিক দায়বদ্ধতা ও বৈষম্যহীন সমাজ গঠনে তরুণদের সক্রিয় ভূমিকা গুরুত্বপূর্ণ। সংগঠনের দায়িত্বশীলদের মানুষের পাশে দাঁড়ানো এবং জনকল্যাণমূলক কর্মকান্ডে আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানান তিনি।

বিবৃতিতে তিনি নবগঠিত কমিটির সকল সদস্যের সফলতা কামনা করেন এবং সাংগঠনিক কার্যক্রমকে আরও সুসংগঠিত ও গতিশীল করার প্রত্যাশা ব্যক্ত করেন।

জীবননগর পৌর কেন্দ্রীয় ঈদগাহ কমিটি গঠন

জীবননগর পৌর কেন্দ্রীয় ঈদগাহের নতুন কমিটি গঠন করা হয়েছে। সোমবার সকাল ১০টায় কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে এ কমিটি গঠন করা হয়। আহ্বায়ক কমিটির সভাপতি ও পৌর বিএনপির সভাপতি শাজাহান কবিরের সভাপতিত্বে এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে নতুন কমিটি ঘোষণা করা হয়।

উপস্থিত সকলের সম্মতিক্রমে সাবেক পৌর চেয়ারম্যান মো. আশরাফুল হককে সভাপতি এবং সাবেক কাউন্সিলর হযরত আলীকে সাধারণ সম্পাদক করে কমিটি গঠন করা হয়েছে। কমিটির কোষাধ্যক্ষ করা হয়েছে আখতারুজ্জামানকে।

নতুন কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকের ওপর পূর্ণাঙ্গ কমিটি গঠনের দায়িত্ব অর্পণ করা হয়েছে। নবনির্বাচিত সভাপতি মো. আশরাফুল হক উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সার্বিক সহযোগিতা কামনা করেন।

বাংলাদেশ বেসরকারি শিক্ষক ও কর্মচারী ফোরামের মেহেরপুর সদর উপজেলা কমিটি গঠন

বাংলাদেশ বেসরকারি শিক্ষক ও কর্মচারী ফোরামের মেহেরপুর সদর উপজেলা কমিটি গঠন করা হয়েছে।

মেহেরপুর বেসরকারি বালিকা বিদ্যালয়ের হলরুমে আয়োজিত এক সভার মাধ্যমে ৫১ সদস্যবিশিষ্ট এই কমিটি গঠিত হয়। সভায় সর্বসম্মতিক্রমে আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. রুহুল

আমিনকে

সভাপতি এবং টেংরামারী মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মো. ফজলুল হককে সাধারণ সম্পাদক হিসেবে নির্বাচিত করা হয়।এছাড়াও সাংগঠনিক সম্পাদক হিসেবে নির্বাচিত হন বলিয়ারপুর মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মো. আখতারুজ্জামান।

কমিটি গঠন অনুষ্ঠানে জেলা কমিটির নেতৃবৃন্দ উপস্থিত থেকে নবগঠিত কমিটিকে শুভেচ্ছা জানান।

কমিটি গঠনে আর্থিক লেনদেন প্রমাণ করতে পারলে রাজনীতি ছেড়ে দেব

মেহেরপুরের কুতুবপুর ইউনিয়ন বিএনপির কমিটি নিয়ে অর্থ লেনদেনের অভিযোগকে উদ্দেশ্যপ্রণোদিত মিথ্যা ও বানোয়াট দাবি করে পাল্টা সাংবাদিক সম্মেলন করেছেন সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ।

আজ শনিবার সদর উপজেলা বিএনপির কার্যালয়ে আয়োজিত এ সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন তিনি।

লিখিত বক্তব্যে তিনি বলেন, জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের নির্দেশনা অনুযায়ী এবং সদর উপজেলা বিএনপির সভাপতি ও সাধারণ সম্পাদকের উপস্থিতিতে ওয়ার্ডস্তরের নেতাকর্মীদের মতামতের ভিত্তিতে জাফরুল্লাহকে সভাপতি ও রবিউল ইসলামকে সাধারণ সম্পাদক করে ৬ সদস্যবিশিষ্ট আংশিক কমিটি ঘোষণা করা হয়।

গত ৫ ডিসেম্বর সকাল আনুমানিক ১১টায় মেহেরপুর প্রেসক্লাবে আওয়ামী লীগের সাবেক এমপির জামাই পরিচয়দানকারী আসিফুল হক মজনু কুতুবপুর ইউনিয়ন বিএনপির সভাপতি মনোনীত হতে না পেরে আমার বিরুদ্ধে মিথ্যা, বানোয়াট ও উদ্দেশ্যপ্রণোদিত তথ্য উপস্থাপন করে

সাংবাদিক সম্মেলন করেন। তিনি ওই সংবাদ সম্মেলনের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান।

তিনি অভিযোগ করেন, মজনু একজন অসৎ চরিত্রের লোক এবং বিভিন্ন অবৈধ কর্মকাণ্ড ও নারী কেলেঙ্কারির সঙ্গে জড়িত। এসব কারণে ইউনিয়নবাসী তাকে কোনো দায়িত্বে দেখতে চান না।

তিনি আরও বলেন, সে যে আর্থিক লেনদেনের কথা বলছে তা ভিত্তিহীন। তার সঙ্গে আমার কোনো অর্থনৈতিক সম্পর্ক নেই। যদি সে প্রমাণ করতে পারে, তাহলে আমি নিজেই তার দাবিকৃত সব টাকা ফেরত দেব এবং রাজনীতি থেকে স্বেচ্ছায় অবসর নেব।

তিনি মিথ্যা বক্তব্য প্রত্যাহারের দাবি জানিয়ে বলেন, আমার দীর্ঘ রাজনৈতিক জীবনকে কলঙ্কিত করার হীন চেষ্টা করা হচ্ছে। এ ধরনের অপপ্রচার থেকে বিরত থাকার আহ্বান জানাচ্ছি।

দর্শনা পৌরসভার কর্মচারী ইউনিয়ন কমিটি গঠন

দর্শনা পৌরসভার কর্মচারী ইউনিয়নের ত্রিবার্ষিক কমিটি গঠন করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকেল ৩টায় দর্শনা পৌর কার্যালয়ে কর্মচারী ইউনিয়নের সভাপতি আরিফিনের সভাপতিত্বে এ কমিটি গঠনের কার্যক্রম অনুষ্ঠিত হয়।

গত বছরের আয়-ব্যয়ের হিসাব প্রদান করেন ক্যাশিয়ার মমিনুল ইসলাম। অনুষ্ঠানে আলোচনা করেন কর্মচারী ইউনিয়নের সাধারণ সম্পাদক হারুন অর রশিদ, সাংগঠনিক সম্পাদক জাহিদুল ইসলাম, সহ-সভাপতি আব্দুর রাজ্জাক, সাবেক সভাপতি সরওয়ার হোসেন, উচ্চমান সহকারী শাহ আলম, লাইসেন্স পরিদর্শক মমিনুল ইসলাম, প্রধান সহকারী রুহুল আমিন প্রমুখ।

আলোচনা শেষে দর্শনা পৌরসভার কর্মচারী ইউনিয়নের ত্রিবার্ষিক নির্বাচনে সর্বসম্মতিক্রমে আরিফিন হোসেনকে সভাপতি ও হারুন অর

রশিদকে সাধারণ সম্পাদকসহ পূর্বের কমিটিকে আবারও ৩ বছরের জন্য দায়িত্ব প্রদান করা হয়।

দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের কমিটি গঠনের প্রতিবাদে বিক্ষোভ

চুয়াডাঙ্গার দর্শনা সরকারি কলেজ ছাত্রদলে পকেট কমিটি ও অছাত্রদের দিয়ে কমিটি গঠনের প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও কুশপুতুল দাহ করেছে কলেজ ছাত্রদলের নেতাকর্মীরা। গতকাল শুক্রবার রাত সাড়ে ৮টার দিকে দর্শনা পুরাতন বাজার এলাকা থেকে মিছিলটি শুরু হয়ে দর্শনা প্রেসক্লাবের সামনে গিয়ে শেষ হয়।

মিছিল শেষে বিক্ষুব্ধ ছাত্রদল নেতাকর্মীরা কমিটি গঠনকারীদের কুশপুতুল দাহ করেন। তারা অভিযোগ করেন, নিয়মিত ছাত্রদের বাদ দিয়ে পকেট কমিটি গঠন করা হয়েছে, যা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। বক্তারা হুঁশিয়ারি দিয়ে বলেন, এ কমিটি বাতিল না করা হলে বৃহত্তর আন্দোলন গড়ে তোলা হবে। পকেট কমিটি দিয়ে ছাত্ররাজনীতি চলতে পারে না।
তারা দ্রুত সময়ের মধ্যে নিয়মিত ছাত্রদের নিয়ে নতুন কমিটি গঠনের দাবি জানান।

বিক্ষোভ মিছিলে উপস্থিত ছিলেন শোয়েব আক্তার, আসিফ হাসান, সাফায়েত জামাল পাপ্পু, নাফিজ ইকবাল খান, অমিন, ইমন, রুপন, উৎসব, আরমান, সিদাত, শিবলী, আনারুন, আফ্রিদি, তৌহিদ, রমজানসহ দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের অসংখ্য নেতাকর্মী।

মেহেরপুর জেলা পরিষদের কর্মকর্তা-কর্মচারীদের কার্যনির্বাহী কমিটি গঠন

মেহেরপুর জেলা পরিষদের কর্মকর্তা ও কর্মচারীদের কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিকেল ৫টায় জেলা পরিষদ কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় জেলা পরিষদের কর্মকর্তা-কর্মচারীদের কার্যনির্বাহী কমিটি গঠন করা হয়।

নবগঠিত কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন মোঃ জাহিদুল ইসলাম, সহ-সভাপতি মোঃ সরোয়ার উদ্দিন, সাধারণ সম্পাদক মোঃ শাহিন ইকবাল, যুগ্ম সাধারণ সম্পাদক এস এম রোকনুজ্জামান এবং কোষাধ্যক্ষ মোঃ আনোয়ার হোসেন খাঁন নির্বাচিত হয়েছেন।

সভাপতি হামিদুল, সেলিম রেজা সাধারণ সম্পাদক

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের খোকসা গ্রামে “খোকসা যুব সংঘ” নামে একটি নতুন সামাজিক সংগঠনের কমিটি গঠন করা হয়েছে।

গতকাল রবিবার সংগঠনের নিজস্ব কার্যালয়ে এক আনুষ্ঠানিক সভার মাধ্যমে এই কমিটি ঘোষণা করা হয়।

সভায় প্রধান উপদেষ্টা রফিকুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপদেষ্টা লুৎফর রহমান। অনুষ্ঠানে প্রধান উপদেষ্টা রফিকুল ইসলাম ২১ সদস্যের নির্বাহী কমিটি ঘোষণা করেন।

ঘোষিত কমিটিতে সভাপতি নির্বাচিত হয়েছেন শামসুজ্জামান (হামিদুল) এবং সাধারণ সম্পাদক হয়েছেন মোঃ সেলিম রেজা।

অন্যান্য দায়িত্বপ্রাপ্তরা হলেন, সহ-সভাপতি খালিদ সাইফুল্লাহ আপেল, সহ-সভাপতি আদম শেখ, সহ-সভাপতি সোহাগ আলী, সহ-সাধারণ সম্পাদক হেলাল শেখ, অর্থ সম্পাদক শরিফুল জামান (টুটুল), সাংগঠনিক সম্পাদক আবির শেখ, প্রচার সম্পাদক নাজমুল হক, সাংস্কৃতিক সম্পাদক আজাদ শেখ, খাদ্য সম্পাদক মোশারফ শেখ, অফিস সম্পাদক মাজহারুল ইসলাম, ক্রীড়া সম্পাদক জমিরুল ইসলাম।

নির্বাহী সদস্য হিসেবে রয়েছেন, জিহাদ, এনামুল শেখ, মাসুম রেজা, সুমন, জামান, শরিফুল ইসলাম, মোমিনুল ইসলাম, বকুল ও আব্দুল হামিদ।

ঘোষিত এই ২১ সদস্যের কার্যনির্বাহী কমিটি আগামী তিন বছরের জন্য অনুমোদন দেওয়া হয়েছে।

প্রধান উপদেষ্টা রফিকুল ইসলাম বলেন, খোকসা যুব সংঘ একটি অরাজনৈতিক, অলাভজনক ও সম্পূর্ণ সামাজিক সেবামূলক সংগঠন। সমাজের যুবদের ঐক্যবদ্ধ করে সমাজ উন্নয়ন, শিক্ষা সহায়তা, সাংস্কৃতিক চর্চা ও মানবিক কর্মকাণ্ডে ভূমিকা রাখাই এই সংগঠনের মূল লক্ষ্য।

আলমডাঙ্গা সাউণ্ড লাইট ডেকোরেশন সমিতির কমিটি গঠন ও আলোচনা সভা

আলমডাঙ্গা সাউণ্ড লাইট ডেকোরেশন সমিতির কমিটি গঠন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সকাল ১০টার সময় পান্না কমিউনিটি সেন্টারে এই সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, ঝলক ডেকোরেশনের মালিক খাইরুল ইসলাম। প্রধান অতিথি চুয়াডাঙ্গা জেলা লাইট সাউণ্ড ডেকোরেশরের সভাপতি খসরুল আলম। বিশেষ অতিথি ছিলেন, সমিতির মেহেরপুর শাখার সভাপতি সানোয়ার হোসেন, চুয়াডাঙ্গা জেলা শাখার সাধারণ সম্পাদক আবুল হোসেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, মোবারেক হোসেন, রনি

আহম্মেদ, হান্নান আলি, সেলিম হোসেন, সালমান হোসেন, বাবুল মোল্লা, নাজমুল ইসলাম, আকিজ হোসেন, রুহুল আমিন প্রমুখ।

আলোচনা সভা শেষে কমিটি গঠন করা হয়। পূর্বের কমিটি বহাল রেখে কমিটি ঘোষণা করা হয়। খাইরুল ইসলাম কে সভাপতি ও মোহাম্মদ শান্ত কে সাধারণ সম্পাদক করে কমিটি গঠন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত সকল সদস্যের মতামতের ভিত্তিতে দেড় বছরের জন্য কমিটি পুনরায় বহাল রাখা হয়। নির্দিষ্ট সময় পরে নির্বাচনের মাধ্যমে পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হবে বলে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

আলমডাঙ্গা পৌরসভায় নির্বাচনী গ্রাম কমিটি গঠনের লক্ষ্যে আলোচনা সভা

আলমডাঙ্গা পৌরসভার দুই নম্বর ওয়ার্ডের গ্রাম কমিটির লক্ষ্যে নির্বাচনী সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বিকাল ৩টায় ২নম্বর ওয়ার্ডে গ্রাম কমিটি গঠনের লক্ষে নির্বাচনী সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা কর্মপরিষদ সদস্য ও জেলা যুব জামায়াতের সভাপতি জনাব শেখ নুর মোহাম্মদ হুসাইন টিপু। তিনি বলেন, দূর্নীতিমুক্ত সমাজ ও দেশ বিনির্মানে একমাত্র জামায়েত ইসলামের ন্যায় ও সততার দ্বারা সম্ভব।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলা শাখার সংগ্রামী আমির ও উপজেলা ভাইস চেয়ারম্যান পদপ্রার্থী জননেতা শফিউল আলম বকুল। তিনি বলেন, আল্লাহর ইবাদত মনে করে জামায়াতে ইসলামের মনোনীত প্রার্থীদের জন্য ভোটের মাঠে মেধা শ্রম আর সততা আদর্শ নিয়ে কাজ করে যাবেন। এছাড়াও উপস্থিত ছিলেন, ইউনিয়ন আমির মাওলানা আবু বকর সিদ্দিক বাবলু, পৌর শ্রমিক কল্যান ফেডারেশন সভাপতি জনাব সাহিন শাহিদ,উপজেলা মানবাধিকার সম্পাদক জনাব শফিউজ্জামান মিঠু, ইউনিয়ন সেক্রেটারি জনাব আলতাফ হোসেন, সহকারী সেক্রেটারি জনাব আনারুল ইসলাম। সভাপতিত্ব করেন ওয়ার্ড সভাপতি আব্দুল হালিম। ওয়ার্ড সহ সভাপতি লাহাউদ্দীনে সঞ্চালনায় প্রায় ৫ শতাধিক